বরুড়া উপজেলা পরিষদের এপ্রিল/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব এ এন এম মইনুল ইসলাম
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
বরুড়া, কুমিল্লা।

সভার তারিখ ঃ ১৮.০৪.২০২২ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও করোনা ভাইরাস (কোভিড -১৯) ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছিল। বর্তমানে বাংলাদেশে করোনার নিম্নমুখী প্রবণতা লক্ষ্য করা যায়। বিশ্ব স্বাস্থ্য সংস্থার পরামর্শ মোতাবেক স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। পরে তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া, কুমিল্লাকে অনুরোধ করেন।

| দপ্তর/অধিদপ্তর | আলোচ্য বিষয় ও বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| উপজেলা পরিষদ | ০১। উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া,কুমিল্লা জানান যে, উপজেলা পরিষদের আবাসিক বাসা সমূহের মধ্যে নিম্নবর্ণিত খালি বাসা সমূহের গ্যাস বিল পরিশোধ করতে হয়েছে। (নিচের সারণি দ্রষ্টব্য) তিনি উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত অর্থ পরিশোধের প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পরিষদের খালি বাসাসমূহের জানুয়ারী/২২ হতে মার্চ/২২ মাসের গ্যাস বিল বাবদ ১৫,৭৭৫/-(পনের হাজার সাতশত পঁচাত্তর) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বরুড়া উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া |
| | ০২। উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া,কুমিল্লা জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের বরুড়া উপজেলা পরিষদের বাজেট প্রণয়নের কাজ শুরু করা প্রয়োজন। এজনজ্য তিনি বাজেট প্রণয়নের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমম্বয়ে কমিটি গঠনের প্রস্তাব করেন।<br>০১। উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া,কুমিল্লা - আহবায়ক<br>০২। উপজেলা কৃষি কর্মকর্তা,বরুড়া,কুমিল্লা সদস্য<br>০৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,বরুড়া,কুমিল্লা- সদস্য<br>০৪। উপজেলা হিসাবরক্ষণ অফিসার,বরুড়া,কুমিল্লা - সদস্য<br>০৫। উপজেলা প্রকৌশলী,বরুড়া,কুমিল্লা- সদস্য-সচিব | বিস্তারিত আলোচনা শেষে গঠিত কমিটিকে উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কমিটি |

| ক্র/নং | বাসার নাম | সময়কাল | হার | টাকা |
|---|---|---|---|---|
| ০১ | জোড়াবাড়ী ২(১) | জানুয়ারী/২২ হতে মার্চ/২২ | ৯২৫/- | ২৭৭৫/- |
| ০২ | জোড়াবাড়ী ২(৪) | জানুয়ারী/২২ হতে মার্চ/২২ | ৯২৫/- | ২৭৭৫/- |
| ০৩ | জোড়াবাড়ী ৩(১) | জানুয়ারী/২২ হতে মার্চ/২২ | ৯২৫/- | ২৭৭৫/- |
| ০৪ | জোড়াবাড়ী ৩(২) | জানুয়ারী/২২ হতে মার্চ/২২ | ৯২৫/- | ২৭৭৫/- |
| ০৫ | জোড়াবাড়ী ১(১) | জানুয়ারী/২২ হতে মার্চ/২২ | ৯৭৫/- | ২৯২৫/- |
| ০৬ | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন | ফেব্রুয়ারী/২২ হতে মার্চ/২২ | ৯৭৫/- | ১৯৫০/- |
| | মোট | | | ১৫,৭৭৫/ |

| দপ্তর/অধিদপ্তর | আলোচ্য বিষয় ও বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ০৩। উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া জানান যে, ১৪২৯-১৪৩১ বাংলা সনের জলমহালের ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের পর ০৩টি জলমহালের ইজারা ডাক পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহ কাঙ্খিত সরকারি ডাকের সমান/বেশি হওয়ায় সন্তোষজনক বিবেচিত হওয়ার উক্ত জলমহালসমূহ সংশ্লিষ্ট সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠানের অনুকূলে ইজারা প্রদানের জন্য উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হয় তিনি উক্ত ইজারা ডাক অনুমোদনের জন্য সভার প্রতি অনুরোধ করেন।<br>০১। ঝলম খাস পুকুর (ঝলম মৌজার ১০৩৫ দাগের ২.৫৮ একর) ১,৩১,২৫০/- টাকা<br>০২। মহিদপুর খাস পুকুর(মহিদপুর মৌজার ৭৭৫/৭৭৬ দাগের ০.৭৪ একর ১৮,০০০/-<br>০৩। হাটপুকুরিয়া খাস পুকুর(হাটপুকুরিয়া মৌজার ২০১ দাগের ১.৮৫ একর) ১১,৫০০/- | বিস্তারিত আলোচনা উপজেলা জলমহাল কমিটির সিদ্ধান্ত মোতাবেক জলমহালসমূহ সংশ্লিষ্ট ইজারা দরদাতা প্রতিষ্ঠানের অনুকূলে ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া, কুমিল্লা।<br>সহকারী কমিশনার (ভূমি),বরুড়া,কুমিল্ল |
| উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, বরুড়া জানান যে, বর্তমানে কোভিড/১৯ আক্রান্ত রোগীদের হাসপাতালে চিকিৎসার কার্যক্রম চলছে। তিনি আরো বলেন সারাদেশের মতো বরুড়া উপজেলায়ও কোভিড/১৯ সংক্রমণের হার অনেকটা কমে এসেছে। তবে আমাদের আত্মতুষ্টির কোন সুযোগ নেই। কোন কোন দেশে সংক্রমণের আবারো উর্দ্ধমুখী প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। তাই সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য তিনি অনুরোধ করেন। কোভিড/১৯ পরবর্তী কোন রোগীর জটিলতা রোধে ব্যবস্থা গ্রহণের জন্য ডাক্তারদের অনুরোধ করা হয়েছে। | বিস্তারিত আলোচনা শেষে কোভিড/১৯ আক্রান্ত রোগীদের সাথে সাথে অন্যান্য রোগীদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করা এবং কোভিড পরবর্তী কোন রোগীল জটিলতা রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, বর |
| কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | ০১। উপজেলা কৃষি কর্মকর্তা,বরুড়া জানান যে, চলতি রবি মৌসুমে ১৩,২৫৫ হেক্টর জমিতে বোরো ধান আবাদ করা হয়েছে। বর্তমানে মাঠের অবস্থা ভালো। তথাপি ব্লাস্ট রোগ সম্পর্কে সর্তক থাকতে হবে এবং সর্তকর্তা স্বরূপ ফুল ফোটার পূর্বে ও পরে দুইবার ছত্রাকনাশক স্প্রে করার পরামর্শ দেয়া হচ্ছে। খামার যান্ত্রীকরণ প্রকল্পের মাধ্যমে ৫০% ভর্তুকীতে কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হচ্ছে। আগ্রহীগণকে কৃষি অফিসে যোগাযোগ করতে বলা হয়। মুজিববর্ষ উপলক্ষে প্রতি ইউনিয়নে পর্যায়ক্রমে ১০০টি করে সবজি পুষ্টি বাগান স্থাপন করা হবে। যাদের বসতবাড়ি বা পতিত অবস্থায় ১. ৫ শতক জমি রয়েছে তাদের বীজসহ বিভিন্ন উপকরণ সহায়তা করা হবে। নিরাপদ শাক সবজি ও ফসল উৎপাদনে বিভিন্ন জৈব বালাইনাশক ব্যবহার করা হচ্ছে ও কৃষকদের উদ্বুদ্ধ করা হচ্ছে। | বিস্তারিত আলোচনা শেষে ব্লাস্ট রোগ প্রতিরোধে ছত্রাকনাশক ঔষধ স্প্রে করা এবং খামার যান্ত্রীকরণ প্রকল্পের মাধ্যমে ভর্তুকির আওতায় কৃষি যন্ত্রপাতি ক্রয় এবং নিরাপদ শাকসবজি ও ফসল উৎপাদনে জৈব বালাইনাশক ব্যবহারে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, বরুড়া |
| স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | ০১। উপজেলা প্রকৌশলী,বরুড়া জানান যে, ২০২১-২২ অর্থ বছরের এডিপি, উন্নয়ন সহায়তা তহবিল এর টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পের টেন্ডার ইতিমধ্যে প্রক্রিয়াধীন আছে। | বিস্তারিত আলোচনা শেষে এডিপি ও উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় গৃহীত টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্প তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বরুড়া<br>উপজেলা নি অফিসার,বরুড়া |
| | ০২ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর, বরুড়া জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় সক্ষমতা উন্নয়ন উপ প্রকল্প (৫ম পর্যায়) নিম্নলিখিত প্রকল্পসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয় এবং ইউজিডিপি এর প্রধান কার্যালয়ে অনুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত হয়।<br>১। বরুড়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু নীচু বেঞ্চ সরবরাহ- ২৫,০০,০০০/- টাকা।<br>২। বরুড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সেবার মান উন্নয়নে প্যাথলজি ও অপারেশন থিয়েটারের যন্ত্রপাতি সরবরাহ- ১৫,০০,০০০/-<br>তিনি উক্ত প্রকল্পসমূহ অনুমোদনের জন্য সভার প্রতি অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(ইউজিডিপি) এর আওতায় গৃহীত প্রকল্পদ্বয় অনুমোদনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরুড়া<br>উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া<br>উপজেলা প্রকৌশলী বরুড়া |

| দপ্তর/অধিদপ্তর | আলোচ্য বিষয় ও বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ০৩। উপজেলা প্রকৌশলী,বরুড়া জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা উন্নয়ন সহায়তা তহবিলের অর্থে নিম্নবর্ণিত প্রকল্প গ্রহণ করার প্রস্তাব করেন।<br>০১। সিঙ্গুর পশ্চিমপাড়া মমিন মাস্টারের বাড়ীর পুকুরের প্যালাওয়াল নির্মাণ - ২,০০,০০০/-<br>তিনি প্রকল্প প্রস্তাব,প্রকল্প কমিটি ও প্রকল্প প্রাক্কলন অনুমোদনের জন্য সভার প্রতি অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তাবিত প্রকল্প কমিটি,প্রকল্প প্রস্তাব ও প্রকল্প প্রাক্কলন সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরুড়া<br>উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া<br>উপজেলা প্রকৌশ বরুড়া |
| | ০৪। উপজেলা প্রকৌশলী,বরুড়া সভায় জানান যে, উপজেলা উন্নয়ন তহবিল জমা ২০২১-২০২২ অর্থ বছরের গৃহীত তালিকায় কিছু ত্রুটি থাকায় পুনরায় সংশোধনপূর্বক টেন্ডার তালিকা নিম্নরুপ প্রতিস্থাপিত করার প্রস্তাব করেন।<br>(পরিশিষ্ট -খ) | বিস্তারিত আলেচনা শেষে উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত প্রকল্প তালিকা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | চেয়ারম্যান,উপজে পরিষদ,<br>উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া,কু ল্লা। |
| | ০৫। উপজেলা প্রকৌশলী,বরুড়া সভায় জানান যে, উপজেলা উন্নয়ন তহবিল জমা ২০২১-২০২২ অর্থ বছরের গৃহীত প্রকল্পের তালিকায় কিছু ত্রুটি থাকায় পুনরায় সংশোধনপূর্বক পিআইসির তালিকা নিম্নরুপ প্রতিস্থাপিত করার প্রস্তাব করেন। (পরিশিষ্ট -গ) | বিস্তারিত আলেচনা শেষে উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত প্রকল্প তালিকা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | চেয়ারম্যান,উপজে পরিষদ,<br>উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া,কু ল্লা। |
| | ০৬। উপজেলা প্রকৌশলী ,জানান যে, উপজেলা হিসাবরক্ষণ কার্যালয়ে বয়স্ক ও পেনশনভোগীদের সুবিধার্থে একটি ওয়েটিং রুম ও টয়লেট নির্মাণ করা জরুরী। এছাড়াও উক্ত অফিসের পানি ট্যাংকিটি পুরাতন এবং জরাজীর্ণ হওয়ায় ব্যবহার অনুপযোগী। এছাড়াও উক্ত ট্যাংকির কারণে ভবনের ছাদ ও ভীমের অবস্থাও সংকটজনক হওয়ায় তা মেরামত করা জরুরী। | বিস্তারত আলোচনা শেষে উপজেলা হিসাবরক্ষণ অফিস ভবন মেরামত টয়লেট এবং ওয়েটিং রুম নির্মাণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরুড়া<br>উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া<br>উপজেলা প্রকৌশ বরুড়া |
| | ০৭। উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা চেযারম্যান মহোদয়ের অফিস এবং কনফারেন্স রুম ও অডিটরিয়ামে কিছু আসবাবপত্র যেমন টেবিল,চেয়ার ইত্যাদি প্রয়োজন। | বিস্তারিত আলোচনা শেষে আসবাবপত্র সংগ্রহ ও মেরামত খাত হইতে আরএফকিউ পদ্ধতিতে উপজেলা চেয়ারম্যান অফিস,কনফারেন্স রুম ও অডিটরিয়ামে আসবাবপত্র সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরুড়া<br>উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া<br>উপজেলা প্রকৌশ বরুড়া |
| | ০৮। উপজেলা প্রকৌশলী,বরুড়া জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তবে কর্মকর্তা/কর্মচারীদের সুবিধার্থে ক্যান্টিন স্থাপন জরুরী। আয়বর্ধক এবং সৌন্দর্য বর্ধক কর্মকান্ড হিসেবে উপজেলা পরিষদের সন্মুখভাগের মার্কেট ভবন সম্প্রসারিত করার জন্য বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনা শেষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে উপজেলা পরিষদে মার্কেট ভবন সম্প্রসারণ ও ক্যান্টিন স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরুড়া<br>উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া<br>উপজেলা প্রকৌশ বরুড়া |
| মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,বরুড়া জানান যে, করোনা ভাইরাসের কারণে দীর্ঘদিন ধরে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকার পর খুলেছে। ছেলে/মেয়েদের স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বেধে দেয়া নিয়ম মেনে শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করার জন্য তিনি অভিভাবকগণের প্রতি অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে ছেলে/মেয়েদের স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বেধে দেয়া নিয়ম মেনে শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অভিভাবকগণের প্রতি অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমি শিক্ষা কর্মকতা বরুড়া। |

| দপ্তর/অধিদপ্তর | আলোচ্য বিষয় ও বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায় |
|---|---|---|---|
| প্রাথমিক শিক্ষা | উপজেলা শিক্ষা কর্মকর্তা,বরুড়া জানান যে, করোনা ভাইরাসের প্রার্দুভাবের কারণে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ দীর্ঘদিন বন্ধ থাকার পর খুলেছে। ছেলে/মেয়েদের স্বাস্থ্য বিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করার জন্য তিনি অভিভাবকগণের প্রতি অনুরোধ করেন। তাছাড়া কোমলমতি ছেলেমেয়েদের লেখাপড়া ও স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্যও তিনি অভিভাবকগণের প্রতি অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে ছেলে/মেয়েদের স্বাস্থ্য বিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণের জন্য অভিভাবকগণের প্রতি অনুরোধ করা হয় এবং কোমলমতি ছেলেমেয়েদের পাঠদান পরবর্তী সময়ে স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য অভিভাবকগণের প্রতি অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষ কর্মকর্তা, বরু |
| মৎস্য অধিদপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বরুড়া, কুমিল্লা জানান যে, এ বছর ০৩টি মৎস্য প্রদর্শনী খামারের কাজ চলছে। তন্মধ্যে খোশবাস ইউনিয়নে ০২টি ও আড্ডা ইউনিয়নে ০১টি প্রর্দশনী খামার স্থাপন করা হয়েছে। প্রদর্শনী খামারগুলোতে গলদা চিংড়ি ও পাঙ্গাস জাতীয় মাছের চাষ করা হচ্ছে। তাছাড়া তাদের বিভাগের পক্ষ হতে প্রশিক্ষণ কাজ শুরু হয়েছে। তিনি তাদের বিভাগীয় কাজে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে খোশবাস ও আড্ডা ইউনিয়নের প্রর্দশনী মৎস্য খামারে মনিটরিং ব্যবস্থা জোরদারকরণ ও প্রশিক্ষণ যাতে সুষ্ঠুভাবে সম্পাদন হয় তা নিশ্চিত করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, বরুড়া,কুমিল্লাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস কর্মকর্তা, বরু কুমিল্লা। |
| প্রাণী সম্পদ অধিদপ্তর | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা,বরুড়া এর প্রতিনিধি জানান যে, প্রাণিসম্পদ বিভাগের পক্ষ হতে আয়োজিত মেলা সফলভাবে শেষ হয়েছে। তিনি প্রাণিসম্পদ বিভাগ কর্তৃক আয়োজিত মেলায় সার্বিক সহযোগিতা করার জন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। তাছাড়া তাদের বিভাগীয় কার্যক্রম ভালভাবেই চলছে। | বিস্তারিত আলোচনা শেষে প্রাণিসম্পদ বিভাগের পক্ষ হতে আয়োজিত মেলা সফলভাবে বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয় এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি কর্মকর্তা,বরুড় |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ০১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, বরুড়া জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ও গ্রামীণ অবকাঠামো সংস্কার(কাবিখা/কাবিটা) কর্মসূচীর আওতায় ১ম পর্যায়ের ১ম কিস্তিতে ৫০% হারে নগদ অর্থ ও খাদ্যশস্য(গম/চাল) ছাড় করা হয়েছে। প্রকল্পের কাজ দ্রুত চলিতেছে কাজের অগ্রগতি সন্তোষজনক। প্রকল্পের কাজ পরিদর্শন করে ২য় কিস্তির নগদ অর্থ ও খাদ্যশস্য (গম/চাল) ছাড় করা হয় নাই। ১ম পর্যায়ের কাজের সময়সীমা ১৫/০৩/২০২২খ্রি. তারিখের মধ্যে প্রকল্পের কাজ শেষ করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | বিস্তারিত আলোচনা শেষে ২০২১-২০২২ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ও গ্রামীণ অবকাঠামো প্রকল্পের আওতায় বরাদ্দকৃত অর্থে গৃহীত প্রকল্পের কাজ প্রকল্প ডিজাইন ও প্রাক্কলন অনুযায়ী সম্পাদন করার ব্যাপারে মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বরুড়া, কুমিল্লাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মক বরুড়া চেয়ারম্যান, ইউ (সকল), বরুড় |
| | ০২। বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে "গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড(এইচ বিবি)করণ (২য় পর্যায়) ০২টি প্রকল্পের ১৭৪৩মি. কাজ চলমান। প্রকল্পের কাজের অগ্রগতি সন্তোষজনক। | বিস্তারিত আলোচনা শেষে গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড(এইচ বিবি)করণ প্রকল্পের কাজ দ্রুত শেষ করার অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মক বরুড়া। |
| | ০৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, বরুড়া জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের ১৪টি ইউনিয়নে "অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান" কর্মসূচীর কাজ চলিতেছে। খোশবাস(উঃ) ইউনয়ন হতে শ্রমিত তালিকা ও প্রকল্প কমিটি পাওয়া যায়নি। ১৪টি ইউনিয়নের শ্রমিক মজুরীর বিল অধিদপ্তরের প্রেরণ করা হয়েছে। অীধদপ্তর হতে G2P পদ্ধতিতে উপকারভোগীর একাউন্টে সরাসরি শ্রমিক মজুরী বাবদ ৪০০/-(চারশত) টাকা হারে প্রদান করা হবে। প্রকল্পের কাজের অগ্রগতি সন্তোষজনক। ৩১/০৩/২০২২খ্রি. তারিখের মধ্যে প্রকল্পের কাজ দ্রুত শেষ করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ করা হয়। | বিস্তারিত আলোচনা শেষে ২০২১-২০২২ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ও গ্রামীণ অবকাঠামো প্রকল্পের আওতায় বরাদ্দকৃত অর্থে গৃহীত প্রকল্পের কাজ প্রকল্প ডিজাইন ও প্রাক্কলন অনুযায়ী সম্পাদন করার ব্যাপারে মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বরুড়া, কুমিল্লাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মক বরুড়া চেয়ারম্যান, ইউ (সকল), বরুড়া |
| | ০৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন চলতি ২০২১-২০২২ অর্থ বছরে "গ্রামীণ অবকাঠামো সংস্কার(কাবিটা) কর্মসূচীর আওতায় ১১৪টি ঘরের বরাদ্দ পাওয়া গেছে। যা প্রক্রিয়াধীন আছে। | বিস্তারিত আলোচনা শেষে বরাদ্দকৃত ১১৪টি ঘরের কাজ দ্রুত শেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্ত বরুড়া,কুমিল্লা। |

| দপ্তর/অধিদপ্তর | আলোচ্য বিষয় ও বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ০৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,বরুড়া জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) পর্যায় কর্মসূচির আওতায় ৪৮,০৮,২৬৬/৮৭ টাকার বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ হতে উপজেলা কমিটির জন্য ৯,৫০,০০০/- টাকা রিজার্ভ রেখে অবশিষ্ট ৩৮,৫৮,২৬৬/৮৭ টাকার মধ্যে প্রতিটি ইউনিয়নে ২,০০,০০০x১৫) = ৩০,০০,০০০/- টাকা পুনঃ বরাদ্দ করে বাকী ৮,৫৮,২৬৬/৮৭ টাকা মুজিব শতবর্ষের আশ্রয়ণ প্রকল্পের মাটি ভরাট ও রাস্তার কাজে ব্যয় করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | বিস্তারিত আলোচনা শেষে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রস্তাব মোতাবেক প্রতি ইউনিয়নে ২,০০,০০০/- টাকা এবং বাকী ৮,৫৮,২৬৬/৮৭ টাকা মুজিব শতবর্ষের আশ্রয়ণ প্রকল্পের মাটি ভরাট ও রাস্তার কাজে ব্যয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া ,উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মক বরুড়া |
| মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর | ০১। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,বরুড়া জানান যে, সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা করে সভার কার্যবিবরণী প্রেরণ করার জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা করে সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বরুড়া চেয়ারম্যান,ইউপি (সকল), বরুড়া |
| | ০২। ভিজিডি ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জানান যে, ভিজিডি উপকারভোগীগণের চাউল প্রতি মাসে উত্তোলন করে সংশ্লিষ্টদের মাঝে ১৫ তারিখের মধ্যে বিতরণ করার নির্দেশনা রয়েছে। বিতরণের বিষয়টি তাঁর কার্যালয়, ট্যাগ অফিসার, ব্যাংক এশিয়া ও সংশ্লিষ্ট এনজিও কে জানাতে হবে। ভিজিডি উপকারভোগীদের টাকা যাতে কোন ইউপি সদস্য এর হাতে না যায় তা নিশ্চিত করতে হবে। তাছাড়া মাতৃত্বকালীন ভাতা ,কিশোর কিশোরীদের ক্লাব প্রকল্প এর কাজ চলছে। | বিস্তারিত আলোচনা শেষে ভিজিডির উপকারভোগীগণের মধ্যে সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের উপস্থিতিতে খাদ্যশস্য বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বরুড়া চেয়ারম্যান, ইউপি (সকল), বরুড়া |
| পরিবার পরিকল্পনা অধিদপ্তর | আলোচনা করার মত কোন উল্লেখযোগ্য বিষয় নেই। তবে তাঁর বিভাগের দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম চলছে। | বিস্তারিত আলোচনা শেষে দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বরুড়া, কুমিল্লাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বরুড়া। |
| যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,বরুড়া জানান যে, যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তিতে পরিণত করে ঋণ প্রদানের মাধ্যমে স্বাবলম্বী করে গড়ে তোলার পর ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে স্বনির্ভর করে গড়ে তোলা হয়। তাদের প্রদেয় ঋণের আদায় হার খুব ভাল। তিনি আদায়ের এ হার ধরে রাখতে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে যুব ও যুব মহিলাদের স্বাবলম্বী করে গড়ে তুলে স্বনির্ভর করে গড়ে তোলার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বরুড়া, কুমিল্লা। |
| সমবায় অধিদপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বরুড়া জানান যে, তার বিভাগের দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম চলছে। আলোচনা করার মত কোন বিষয় নেই। | বিস্তারিত আলোচনা শেষে দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসার,বরুড়া,কুমিল্লাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, বরুড়া, কুমিল্লা। |
| সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বরুড়া জানান যে, ভাতার শতভাগ আবেদন অনলাইনে করতে হবে। অনলাইনে আবেদন বাদ পড়লে অর্থ ব্যয় করতে হবে। তাঁর বিভাগের পক্ষ হতে ৬৫,২০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। আদায় ২৯,০০,০০০/- টাকা। | বিস্তারিত আলোচনা শেষে অনলাইনে ভাতা বিতরণ কাজ যথাযথভাবে সম্পাদন করা এবং ঋণ আদায় কার্যক্রম জোরদার করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসে কর্মকর্তা, বরুড়া |

Anley

| দপ্তর/অধিদপ্তর | আলোচ্য বিষয় ও বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবা |
|---|---|---|---|
| খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বরুড়া জানান যে, তাঁর বিভাগের পক্ষ হতে খাদ্য বান্ধব কর্মসূচি চালু আছে। পুষ্টি চাউল যাবে। জিঙ্ক ফলিক এসিড যুক্ত চাউল বাচ্চাদের শারীরিক ৩০% বৃদ্ধি ঘটায়। মার্চ-এপ্রিল/২০২২ এই দুই মাস এ কার্যক্রম চলবে। খাদ্য বান্ধব কর্মসূচিতে অনেক যোগ্য লোক বাদ পড়েয়ে এবং অনেক অযোগ্য লোক তালিকায় অর্ন্তভূক্ত হয়েছে বলে বিভিন্ন লোকজন অভিযোগ করেছে। তিনি অযোগ্য লোকদের তালিকা থেকে বাদ দিয়ে নতুন তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। বর্তমান ডিজিটালাইজড পদ্ধতিতে তালিকা দাখিল করতে হবে। তাছাড়া তিনি আরো বলেন মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী চাল আটা ও ভোজ্যতেল বিক্রয়কারী দোকানগুলোর লাইসেন্স গ্রহণ বার্ধ্যতামূলক। তালিকা তৈরি করে খাদ্য বিভাগ কর্তৃক লাইসেন্স গ্রহণের জন্য ইতিমধ্যে সংশ্লিষ্টদের পত্র দেয়া হয়েছে। তারপরও অনেক ব্যবসায়ী লাইসেন্স করছেন না। তিনি লাইসেন্স না করলে সংশ্লিষ্টদের মোবাইল কোর্টের মাধ্যমে জেল জরিমানার ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি বিষয়টি এলাকায় ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে যে সকল ব্যবসায়ী এখনো লাইসেন্স করেননি গ্রহণ করেননি তাদেরকে লাইসেন্স গ্রহণে উদ্বুদ্ধকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্টদের অনুরোধ করা হয় এবং কেউ চলতি মাসের ১৫ তারিখের মধ্যে লাইসেন্স না করলে মোবাইল কোর্টের মাধ্যমে সংশ্লিষ্ট দোকানদারগণের বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার(ভূমি),বরুড়া,কুমিল্লাকে অনুরোধ করা হয়। | উপজেলা নি অফিসার,বরু সহকারী কমি (ভূমি),বরুড়া উপজেলা খাদ নিয়ন্ত্রক, বরু |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বরুড়া জানান যে, তাঁদের ঋণ বিতরণ ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ বিতরণ ও আদায় হার সন্তোষজনক। | বিস্তারিত আলোচনা শেষে ঋণ আদায়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণসহ ঋণ বিতরণে লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বরুড়াকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী কর্মকর্তা, বরুড় |
| ইসলামিক ফাউন্ডেশন | সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বরুড়া জানান তার বিভাগের স্বাভাবিক কার্যক্রম চলছে। | বিস্তারিত আলোচনা শেষে দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, বরুড়াকে অনুরোধ করা হয়। | সুপাইভাইজার, ইসলামিক ফাউ |
| সামাজিক বন বিভাগ | ০১। বন কর্মকর্তা,সামাজিক বন বিভাগ,বরুড়া,কুমিল্লা জানান বরুড়া উপজেলায় চারা উত্তোলনের জন্য নার্সারী নেই। তাই চারা উত্তোলনের জন্য সাময়িকভাবে নার্সারীর স্থান নির্ধারণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | বিস্তারিত আলোচনা শেষে চারা উত্তোলনের জন্য সাময়িকভাবে নার্সারীর স্থান নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ করা হয়। | চেয়ারম্যান,উপ পরিষদ,বরুড়া উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া |
| | ০২। বন কর্মকর্তা,সামাজিক বন বিভাগ,বরুড়া জানান যে, লাইসেন্স বিহীন অবৈধ করাতকল অপসারণ ও উচ্ছেদ করার জন্য প্রথম পর্যায়ে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা এবং মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | বিস্তারিত আলোচনা শেষে লাইসেন্স বিহীন অবৈধ করাতকল উচ্ছেদে মোবাইল কোর্ট পরিচালনা এবং বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া সহকারী কমিশনা (ভূমি),বরুড়া, |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বরুড়া জানান যে, টিউবওয়েলের কাজ চলমান আছে। ২২ জুনের মধ্যে কাজ শেষ করতে হবে। বরুড়া উপজেলার বেশির ভাগ ইউনিয়নে আয়রণের মাত্রা বেশি। নিরাপদ পানি সরবরাহের জন্য ওয়াটার ট্রিটমেন্ট্র প্লান্ট স্থাপন করা হবে। ৭ শতক জমি দান করলে ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন করা হবে। ০২ বছর ফি সার্ভিস দেয়া হবে এবং পরবর্তীতে তা ইউনিয়ন পরিষদের নিকট হস্তান্তর করা হবে। ইউনিয়ন পরিষদ নির্ধারিত হারে ফি আদায় করে জনগণকে সরবরাহ করবে। | বিস্তারিত আলোচনা শেষে এলাকার বিশুদ্ধ খাবার পানির সংকট রোধে সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপগুলো এলাকায় স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বরুড় |
| আনসার ও ভিডিপি অধিদপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বরুড়া জানান তাঁর বিভাগের আলোচনা করার মত কোন উল্লেখযোগ্য বিষয় নেই। দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে। | বিস্তারিত আলোচনা শেষে দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বরুড়া |

Anjlay

| | | | |
|---|---|---|---|
| বরুড়া থানা | অফিসার ইন চার্জ,বরুড়া থানা এর প্রতিনিধি জানান, বরুড়া উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি অন্যান্য উপজেলার চেয়ে ভাল। সরকার মাদকের বিষয়ে জিরো টলারেন্স নীতি গ্রহন করেছেন। এ কারণে একাধিক মাদক ব্যবসায়ীকে ইতিমধ্যে গ্রেফতার করা হয়েছে। ফলে মাদকের ব্যবহার অনেকটা কমেছে। তবে মাদকের ব্যবহার একেবারে বন্ধ হয়ে যায়নি। | বিস্তারিত আলোচনা শেষে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সহযোগিতা করা এবং বরুড়া উপজেলা মাদকমুক্ত করতে আন্তরিক সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | অফিসার ইন চা বরুড়া থানা। |
| প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | সংশ্লিষ্ট কর্মকর্তা/ তাঁর বিভাগের কোন প্রতিনিধি না থাকায় আলোচনা করা যায়নি। | বিস্তারিত আলোচনা শেষে দৃষ্টি প্রতিবন্ধীদের সাহায্য সহযোগিতা অব্যাহত রাখার জন্য প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, বরুড়া, কুমিল্লাকে অনুরোধ করা হয়। | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, বরুড়া |
| পল্লী বিদ্যুৎ সমিতি-০১ | উপমহাব্যবস্থাপক,পল্লী বিদ্যুৎ সমিতি-০১, বরুড়া জানান যে, মুজিব বর্ষকে পল্লী বিদ্যুতের সেবাবর্ষ হিসেবে ঘোষণা করা হয়েছে। এতে পল্লী বিদ্যুৎ কর্তৃপক্ষ বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন। অভিযোগ শুনার সাথে সাথে বিষয়টি নিস্পত্তি করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পুরাতন সেচ গ্রাহকের আবেদনের সাথে সাথে সংযোগ দেয়া হয়। লাইনের ১৩০ ফুটের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়। | বিস্তারিত আলোচনা শেষে পল্লী বিদ্যুতের সেবাবর্ষের সেবা গ্রহনের জন্য ইউপি চেয়ারম্যানগণের মাধ্যমে জনগণকে অনুরোধ করা হয় । | উপমহাব্যবস্থাপক পল্লী বিদ্যুৎ সমিতি ০১, বরুড়া জোঃ অফিস |
| উপজেলা পরিসংখ্যাণ অফিস | সংশ্লিষ্ট কর্মকর্তা/তাঁর বিভাগের কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা যায়নি। | বিস্তারিত আলোচনা শেষে দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পরিসংখ্যাণ *কর্মকর্তা, বরুড়া, কুমিল্লাকে অনুরোধ করা হয়।* | উপজেলা পরিসংখ কর্মকর্তা, বরুড়া, কুমিল্লা |
| উপজেলা নির্বাহী অফিস, বরুড়া | প্রশাসনিক কার্যক্রম, মোবাইল কোর্ট পরিচালনা গণশুনানীসহ অন্যান্য দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে। | প্রশাসনিক কার্যক্রম, মোবাইল কোর্ট পরিচালনা, গণশুনানীসহ দৈনন্দিন স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া। |
| | ০৩। ইউনিয়ন ডিজিটাল সেন্টার ঃ উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া জানান বর্তমান যুগ তথ্য প্রযুক্তির যুগ। জনগণের দোরগোড়ায় তথ্য প্রযুক্তি সেবা পৌঁছে দেয়ার জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টার চালু করা হয়েছে। তিনি ইউনিয়ন ডিজিটাল সেন্টারের বর্তমান অবস্থা সম্পর্কে ইউপি চেয়ারম্যানগণের নিকট হতে জানতে চান এবং জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিতে উক্ত কেন্দ্র গুলোর কাজ নিয়মিত মনিটরিং করার জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করেন। তাছাড়া বেশির ভাগ ইউনিয়ন পরিষদই মনিটরিং টুল হালনাগাদ করেন না বিধায় মনিটরিং টুল হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। তিনি আরো বলেন প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ০১জন পুরুষ ও ০১ জন মহিলা উদোক্তা নিয়োজিত আছেন। প্রয়োজনে ০২জন পুরুষ ও ০২ জন মহিলা উদোক্তা নিয়োগ করা যেতে পারে কারণ কোন কারণে একজন উদ্যোক্তা অনুপস্থিত থাকলে অন্য উদোক্তা দিয়ে যাতে কাজ চালিয়ে নেয়া যায়। আলোচনায় অংশ নিয়ে বেশিরভাগ ইউপি চেয়ারম্যান বলেন তাঁদের ইউডিসির কাজ ভালই চলছে। | বিস্তারিত আলোচনা শেষে জনগণের দোরগোড়ায় তথ্য প্রযুক্তি সেবা পৌঁছে দেয়া এবং মনিটরিং টুল হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কাজ নিয়মিত মনিটরিং করার জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করা হয়। | চেয়ারম্যান,ইউপি (সকল),বরুড়া, কুমিল্লা। |
| বিবিধ ঃ | ভিশন-২০২১ ঃ ০১। ওয়েব পোর্টাল ঃ উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া জানান ওয়েব পোর্টালের তথ্য নিয়মিত আপডেট করা হয় না। তিনি ওয়েব পোর্টালের তথ্য নিয়মিত আপলোড করার ব্যাপারে উদ্যোক্তাদের নির্দেশনা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে ওয়েব পোর্টালের তথ্য নিয়মিত আপডেট করার ব্যাপারে উদোক্তাদের নির্দেশনা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করা হয়। | চেয়ারম্যান (সকল)ইউপি বরুড়া,কুমিল্লা |
| | ০২। উঠান বৈঠক ঃ উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া জানান উঠান বৈঠকের মাধ্যমে জঙ্গীবাদ,সন্ত্রাসবাদ দমন,আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখাসহ জনগণকে সমাজের উন্নয়নমূলককাজে সম্পৃক্ত করা যায়। তাই তিনি উঠান বৈঠক করে অপরাধ প্রবণতা কমিয়ে আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনা শেষে নিয়মিত উঠান বৈঠক করে কার্যবিবরণী প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, ইউপি(সকল), বরুড়া,কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| | ৪। ইনোভেশন ঃ উপজেলা নির্বাহী অফিসার,বরুড়া জানান আমাদেরকে নতুন নতুন উদ্ভাবনী শক্তি সৃষ্টি করতে হবে। নতুন কিছু উদ্ভাবন করে তা জনসেবার কাজে লাগাতে হবে। জনগণের শ্রম,অর্থ এবং সময় কম লাগে এ উদ্দেশ্যেই নতুন উদ্ভাবনী সেবামূলক কার্যক্রম গ্রহন করতে হবে। প্রত্যেক দপ্তর প্রধানকেই স্ব স্ব দপ্তরে এর সাথে সম্পৃক্ত উদ্ভাবনী আইডিয়া প্রদান করার জন্য তিনি অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনা শেষে নতুন কিছু উদ্ভাবন করে তা জনসেবার কাজে লাগাতে সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কমিটি |
